# পার্টিসিপেটরি রিসার্চ অ্যাকশান নেটওয়ার্ক-প্রান

## জব প্রোফাইল ; মিডওয়াইফ

পার্টিসিপেটরি রিসার্চ অ্যাকশান নেটওয়ার্ক-প্রান, জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ-র অর্থায়নে ও একশনএইডি বাংলাদেশের সহায়তায় বাস্তবায়নাধীন 'Strengthening Prevention and Response to Gender-Based Violence and Harmful Practices in Development and Humanitarian Contexts in Bangladesh Including Rohingya Settings'. প্রকল্পের জন্য নিম্নলিখিত পদের জন্য উপযুক্ত প্রার্থী খুঁজছে:

| | | |
|---|---|---|
| **পদের নাম** | : | মিডওয়াইফ (Midwife) |
| **কর্মক্ষেত্র** | : | চানন্দী ইউনিয়ন, হাতিয়া উপজেলা, নোয়াখালী |
| **পদ সংখ্যা** | : | ১ জন (শুধু নারী প্রার্থীরাই আবেদন করতে পারবেন) |
| **বেতন** | : | মাসিক বেতন ৩২,০০০/= টাকা |

**কাজের সংক্ষিপ্ত বিবরণ :** মিডওয়াইফ কমিউনিটিতে গর্ভবতী নারী এবং কিশোরী বালিকাদের সহায়তা করার জন্য দায়িত্বপ্রাপ্ত থাকবেন। মিডওয়াইফ জন্মপূর্ব এবং জন্মপরবর্তী বিষয় সমূহে শিক্ষা, নারীদের প্রসুতিকালীন পরীক্ষা , জন্মপরিকল্পনা বিষয়ে সহায়তা এবং এসআরএইচআর বিষয়ে কিশোরীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির কাজ করবেন। এর সাথে তিনি নবজাতক শিশু ও জন্মদানকারী মায়ের প্রসূতীকালীণ ও পরবর্তী স্বাস্থ্য সচেতনতা ও সেবা প্রদান করবেন। তাকে অবশ্যই একজন ভাল শ্রোতা এবং সহনশীল হতে হবে। কেস সমন্বয়কারীর সহায়তায় মিডওয়াইফ যৌন এবং প্রজনন স্বাস্থ্য (এসআরএইচ) এবং জিবিভি মডেলকে বাস্তবায়ন করার লক্ষ্যে কাজ করবেন।

**মিডওয়াইয়ের দায়িত্ব এবং কর্তব্য (সীমাবদ্ধ নয়):**

১. গর্ভবতী নারী এবং কিশোরী বালিকাদের স্বাস্থ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা, এসআরএইচআর, গর্ভকালীন যত্ন ও শিশুকে মাতৃদুগ্ধ পান করানোর গুরুত্ব বিষয়ক জ্ঞান বিকাশে সহায়তা করা

২. সন্তানসম্ভাবা নারীকে জন্ম পরিকল্পনা, হাসপাতালের সেবা, জন্মদানকারী প্রতিষ্ঠানসমূহ ও অন্যান্য সূযোগসমূহ সম্পর্কে পরামর্শ প্রদান করা

৩. সন্তান জন্মদানের সময় নারীর মানসিক অবস্থার যত্ন নেওয়া

৪. গর্ভবতী নারীদের জন্মপূর্ববর্তী সেবার ব্যবস্থা করা

৫. গর্ভকালীন পূর্, পরবর্তী এবং প্রসবকালীণ সময়ে মা ও শিশুর স্বাস্থ্য ও ভাল থাকার বিষয়ে সচেষ্ট থাকা

৬. গর্ভবতী নারীদের জন্ম পরবর্তী সেবার ব্যবস্থা করা

৭. রুগীদের প্রোফ্ইাল ও স্বাস্থ্য রিপোর্টসমূহ পর্যবেক্ষণ করা

৮. গুরুতর কেস সমূহের ক্ষেত্রে রেফরেল সেবা নিশ্চিত করা

৯. সেবাদানকারী প্রতিষ্ঠান সমূহের সাথে সম্পর্ক বজায় রাখা

১০. কর্ম এলাকার অন্যন্য স্টেকহোল্ডারদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা

১১. প্রকল্পের অগ্রগতি সূচকের দিকে লক্ষ্য রেখে পরিবীক্ষণ কার্যক্রমের জন্য বিভিন্ন সময়ে তথ্য সংগ্রহ ও সরবরাহ করা



House 187, Road 10, New Housing Estate Maijdee, Noakhali-3800, Bangladesh.
Biswas Kunjochaya, House 21/3, Khilji Road Mohammadpur, Dhaka-1207, Bangladesh.
+880 2334433565 + 880 1727 231 722
contact@praan.org.bd praanbd.org@gmail.com

**প্রার্থীর নূন্যতম যোগ্যতা:**

ক. সর্বনিম্ন দুই বছরের অভিজ্ঞতা সহ যেকোন স্বীকৃত নার্সিং স্কুল থেকে মিডওয়াইফারী বিষয়ে স্নাতক ডিগ্রি (এ বিষয়ক অন্য কোন ডিগ্রী বা সার্টিফিকেট অগ্রাধীকার হিসেবে গণ্য হবে)

খ. একজন নার্স হিসেবে রেজিস্টার্ড হতে হবে

গ. মৌখিক ও লিখিত ভাবে ভাল যোগাযোগের দক্ষতা থাকতে হবে

ঘ. সহানুভূতিশীল এবং রোগীদেরদ প্রতি যত্নবান হতে হবে

ঙ. ইতিবাচক আচরণপূর্ণ এবং শান্ত স্বভাবের হতে হবে

চ. চাহিদা অনুযায়ী ২৪ ঘন্টা সেবা প্রদানের জন্য প্রস্তুত থাকতে হবে

ছ. জিবিভি / সুরক্ষা প্রদানে অভিজ্ঞতা

জ. বেসরকারি সংস্থা বা স্থানীয় সরকার কর্তৃপক্ষের সাথে কাজ করার অভিজ্ঞতা

ঝ. ভাল যোগাযোগের দক্ষতা এবং প্রশিক্ষণ পরিচালনার ক্ষমতা

ঞ. মেন্টরিং, শিখন প্রদান করা এবং  নেতৃত্বের গুনাবলী সম্পন্ন হতে হবে

**কাজের শর্তাবলী:**

মিডওয়াইফকে সরাসরি সংস্থার প্রকল্প সমন্বয়কারী বরাবর রিপোর্টেবল থাকবে এবং তাকে প্রাত্যাহিক ভিত্তিতে প্রতিবেদন প্রদান করতে হবে।এছাড়া তাকে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, স্থানীয় সিদ্বান্ত প্রনয়নকারী ও সেবাপ্রদানকারী সংস্থার সাথে সম্পর্ক বজায় রাখতে হবে। মিডওয়াইকে কর্ম এলাকায় নারী বান্ধব সেবাকেন্দ্রের নিকট (২ কিমি এর ভেতর) অবস্থান করতে হবে এবং নূন্যতম ৯০% সময় মাঠ পর্যায়ে কাজ করতে হবে।



House 187, Road 10, New Housing Estate
Maijdee, Noakhali-3800, Bangladesh.
Biswas Kunjochaya, House 21/3, Khilji Road
Mohammadpur, Dhaka-1207, Bangladesh.
+880 2334433565
+ 880 1727 231 722
contact@praan.org.bd
praanbd.org@gmail.com